যুগান্তর
NOV. 19 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ . ৬ কলাম ... ৬ ....

# ঢাবির হলে হলে সশস্ত্র বহিরাগত ক্যাডার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে সশস্ত্র বহিরাগত ক্যাডারদের সংখ্যা দিন দিন বাড়ছে। অবৈধ বহিরাগতদের হল ছেড়ে যাওয়ার কর্তৃপক্ষের দেয়া সময়সীমা গতকাল অতিক্রম করেছে। এদিকে ছাত্রলীগ আজ তাদের দাবি-দাওয়া নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনায় বসছে। এদিকে হলে হলে সহাবস্থানসহ ছাত্রলীগের

ঢাবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

## ঢাবি : হলে হলে

(শেষ পৃষ্ঠার পর)

১০ দফা মেনে নেয়ার ৫ দিনের আলটিমেটামের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ এ আলোচনার উদ্যোগ নেন। বেঁধে দেয়া সময়সীমার শেষ দিনে আজ আলোচনা শেষে ছাত্রলীগ পরবর্তী কর্মসূচি চূড়ান্ত করবে। প্রশাসনিক ভবনে সকাল ১১টায় আলোচনা সভা শুরু হবে। এতে উপাচার্য অধ্যাপক আনোয়ারুল্লাহ চৌধুরী, প্রো-উপাচার্য জিন্নাতুননেসা তাহমিদা বেগম, প্রক্টর নজরুল ইসলাম এবং ছাত্রলীগের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন। ছাত্রলীগ নেতৃবৃন্দ কর্তৃপক্ষকে তাদের দাবি-দাওয়ার পাশাপাশি হল থেকে বিতাড়িত নেতাকর্মীদের একটি প্রাথমিক তালিকা দেবে বলে জানা গেছে।

### কর্তৃপক্ষের আহ্বানে সাড়া মেলেনি

এদিকে আবাসিক হল থেকে গতকালের মধ্যে বহিরাগতদের চলে যাওয়ার নির্দেশ এবং আবাসিক হলে থাকতে না পারা বৈধ ছাত্রদের তথ্য প্রদানের ব্যাপারে কর্তৃপক্ষের আহ্বানে কোন সাড়া পাওয়া যায়নি। গতকাল ১১টি আবাসিক ছাত্রহল ঘুরে দেখা গেছে, হলগুলোতে আগের মতোই বহিরাগতরা অবস্থান করছে। উপরন্তু এফ রহমান হলে আরও কিছু বহিরাগত এসেছে বলে ছাত্রদলের একটি সূত্র জানিয়েছে। বহিরাগত রয়েছে এমন হলগুলোর মধ্যে আছে সূর্যসেন, বঙ্গবন্ধু শেখ মুজিব, মুহসীন, এফ রহমান, জহুরুল হক, এসএম এবং জগন্নাথ হল। সর্বশেষ ছাত্রদল কর্তৃক দখলকৃত জহুরুল হক ও জগন্নাথ হলে সবচেয়ে বেশি বহিরাগত অবস্থান করছে। হলগুলোতে বহিরাগতদের সশস্ত্র অবস্থানের কারণে সাধারণ ছাত্ররা আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছে।